দৈনিক সংবাদ 31

তারিখ 12 JAN 1996
পৃষ্ঠা ৮ কলাম ৭

# ৮টি স্কুলে ১৬শ' আসনে প্রার্থী সাড়ে ৪ হাজার

## ☐ রাজধানীতে ভর্তি পরীক্ষা

(নিজস্ব বার্তা পরিবেশক)

রাজধানীর ২৪টি সরকারি স্কুলের মধ্যে গতকাল বৃহস্পতিবার ৮টি স্কুলে ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে। বাকি ১৬টি স্কুলের পরীক্ষা অনুষ্ঠিত হবে আগামীকাল শনিবার ও রোববার।

গতকাল ৮টি স্কুলে অনুষ্ঠিত ভর্তি পরীক্ষায় প্রায় ১৬০০ আসনের জন্যে সাড়ে ৪ হাজার ছাত্রছাত্রী পরীক্ষায় অংশগ্রহণ করেছে। ফরম বিক্রি হয়েছে ৫ হাজারের মতো। ৮টি স্কুলে অনুষ্ঠিত ভর্তি পরীক্ষায় প্রায় ৩ হাজার ছাত্রছাত্রীই ভর্তি হতে পারবে না। খোঁজ নিয়ে দেখা গেছে, খিলগাঁও সরকারি হাইস্কুলে প্রথম, ষষ্ঠ ও নবম শ্রেণীতে যথাক্রমে ৫৫, ১৩০ ও ২০টি আসন খালি রয়েছে। কিন্তু ৩টি শ্রেণীতে পরীক্ষার্থী অংশগ্রহণ করেছে প্রায় ৭০০। শেরে বাংলা সরকারি গার্লস স্কুলে প্রথম, ষষ্ঠ, সপ্তম ও অষ্টম শ্রেণীতে মোট ২৩৩ জন ছাত্রী নেয়া হবে। পরীক্ষায় অংশগ্রহণ করেছে সাড়ে ৫শ' জন।

মোহাম্মদপুর সরকারি হাইস্কুলে প্রথম, ষষ্ঠ ও নবম শ্রেণীতে মোট ১২৫ জন ছাত্র নেয়া হবে। পরীক্ষা দিয়েছে ৫শ' জন।

গতকাল সরকারি বিজ্ঞান কলেজ ও স্কুল, মোহাম্মদপুর সরকারি হাইস্কুল, তেজগাঁও সরকারি উচ্চ বিদ্যালয়, মিরপুর হাইস্কুল, খিলগাঁও হাইস্কুল, আর-মানিটোলা হাইস্কুল, শেরেবাংলা নগর বয়েজ হাই স্কুল ও গার্লস হাইস্কুলে পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে।